
## Towards an Information Regime:

# Confronting Common **Challenges**

মানুষের জন্য
manusher jonno
promoting human rights and good governance



In recent times, governments around the world increasingly recognize people's right to information in order to promote good governance and strengthen democracy. Many of these countries have comprehensive laws to facilitate people's access to official information. Experience has proven that passing the law is the easier task. Successful implementation of an open information regime is often the most challenging and energy-consuming part for government. And yet, without effective implementation, an access to information law—however well drafted — will fail to meet the public policy objectives of transparency. Common challenges of implementing an information law may include difficulty in adjusting the mindset of the bureaucracy and people who hold the information; a lack of capacity in relation to record keeping and record making; insufficient resources and infrastructure; inadequate staffing in terms of training, specialization and seniority, and a lack of capacity building or incentive systems.

সাম্প্রতিক সময়ে পৃথিবীর বিভিন্ন দেশের সরকারগুলো সুশাসন প্রতিষ্ঠা এবং গণতন্ত্রকে সুদৃঢ় করার জন্য জনগণের তথ্য অধিকারকে স্বীকৃতি দিতে শুরু করেছে। অফিসিয়াল তথ্যে জনগণের প্রবেশগম্যতা সৃষ্টির জন্য অনেক দেশেই 'তথ্য অধিকার আইন' রয়েছে। তবে অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, তথ্য অধিকার আইন প্রণয়নের চেয়ে এর সফল বাস্তবায়ন অনেক বেশি দুরূহ। তা সত্ত্বেও, কার্যকরভাবে বাস্তবায়ন ছাড়া তথ্য অধিকার আইন অর্থহীন। কেননা, আইন যত ভালই হোক না কেন, বাস্তবায়িত না হলে তা সরকারের উদ্দেশ্য পূরণে অর্থাৎ স্বচ্ছতা  প্রতিষ্ঠা করতে ব্যর্থ হয়। তথ্য অধিকার আইন বাস্তবায়নে সচরাচর যেসব প্রতিবন্ধকতা দেখা দেয় সেগুলো হলো - আমলাতন্ত্র ও অন্যান্য ব্যক্তিবর্গ যাদের অধিকারে তথ্য থাকে তাদের নেতিবাচক মনোভাব, রেকর্ড সংরক্ষণ ও রেকর্ড প্রস্তুতের দক্ষতার অভাব, সম্পদ ও অবকাঠামোর অপ্রতুলতা, প্রশিক্ষণ, দক্ষতা ও জ্যেষ্ঠতাসম্পন্ন লোকবলের অপর্যাপ্ততা, প্রণোদনা প্রদানের ব্যবস্থার অভাব ইত্যাদি।

*Country specific examples of such challenges vis-à-vis ways out are given below-*

## 1. Resource

Implementation of information laws can take an enormous amount of energy and resources. The resource demands are significant, particularly in societies where a culture of secrecy has dominated the past and where there are no processes already in place to facilitate the archiving and retrieval of documents.

### Example

In Mexico, the first annual budget for the Federal Institute for Access to Information was US$25 million. Mexican government expends approximately 0.033 percent of GDP on their access to information regime.

### Way out

The political fight for resources is easier to wage when the benefits are quantified, for example, in terms of money saved from reduced corruption.

*বিভিন্ন দেশের উদাহরণসহ এ ধরনের কিছু চ্যালেঞ্জ এবং সেগুলোর মোকাবেলার কৌশল নিচে আলোচনা করা হলো-*

## ১. প্রয়োজনীয় সম্পদ

তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য প্রচুর শক্তি ও সম্পদের প্রয়োজন হতে পারে। বিশেষত, যেসব দেশে দীর্ঘদিন যাবৎ গোপনীয়তার সংস্কৃতি লালিত হয়ে আসছে এবং ডকুমেন্ট সংরক্ষণ ও খুঁজে বের করার কার্যকর ব্যবস্থা নেই, সেসব দেশে এই আইন বাস্তবায়নে অনেক বেশি সম্পদের প্রয়োজন হয়।

### উদাহরণ

ম্যাক্সিকোর *ফেডারেল ইনস্টিটিউট অব এক্সেস টু ইনফরমেশন-* এর প্রথম বছরের বাজেট ছিল ২৫ মিলিয়ন মার্কিন ডলার। মেক্সিকোর সরকার জিডিপি'র প্রায় .০৩৩ শতাংশ তথ্য অধিকারের জন্য ব্যয় করে থাকে।

### মোকাবেলার কৌশল

তথ্য অধিকার আইন বাস্তবায়নের সুফল হিসাব করে বের করা গেলে (উদাহরণস্বরূপ, দুর্নীতি কমার ফলে সাশ্রয় হওয়া অর্থের পরিমাণ) প্রয়োজনীয় সম্পদ বরাদ্দের রাজনৈতিক লড়াইয়ে জেতা সহজ হয়।

### Example

In Buenos Aires, a transparency pilot project was initiated in the public hospitals, whereby procurements for medical items, such as needles, bandages, surgical gloves, and plastic items were made public. The result was a savings of 50 percent, merely through the publication of contract bids.

## 2. Changing bureaucratic mind-set

Most governments are accustomed to working in a secretive fashion. Bureaucrats have developed a sense of ownership about the records under their custody. Disclosing these records to the public is akin to ceding power. Therefore, a fundamental mind shift of bureaucracy is necessary. Ultimately, this constituency will be responsible for making the law meaningful for users, and have the power to either facilitate the process or create unnecessary roadblocks.

### Example

In Japan, a surge in the destruction of documents eligible for disclosure under the Freedom of Information Law by 10

### উদাহরণ

বুয়েনস্ আয়ারস-এর হাসপাতালগুলোতে স্বচ্ছতার একটি পরীক্ষামূলক প্রকল্প হাতে নেয়া হয়। এই প্রকল্পের মাধ্যমে হাসপাতালগুলোর সুচ, ব্যান্ডেজ, সার্জিক্যাল গ্লোবস, প্লাস্টিক সামগ্রী প্রভৃতি কেনাকাটার তথ্য জনসমক্ষে প্রকাশ করে দেয়া হয়। দেখা গেল, শুধু কন্ট্রাক্ট বিড-গুলো প্রকাশের কারণেই কেনাকাটার খরচ অর্ধেক কমে গেছে।

## ২. আমলাতন্ত্রের মানসিকতার পরিবর্তন

অধিকাংশ সরকারই গোপনীয়তা বজায় রেখে কাজ করতে অভ্যস্ত। আমলারা তাদের হেফাজতে থাকা ডকুমেন্টগুলোকে তাদের নিজস্ব সম্পদ ভাবতে শুরু করে। এসব ডকুমেন্ট জনগণের কাছে প্রকাশ করে দেয়াকে তারা ক্ষমতা বিলিয়ে দেয়ার শামিল মনে করে। এ কারণে তাদের মানসিকতার একটি মৌলিক পরিবর্তন অপরিহার্য। কারণ, চূড়ান্ত পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের দায়িত্ব তাদের উপরই ন্যাস্ত হয় এবং তারা চাইলে আইনটির বাস্তবায়নে সহযোগিতা করতে পারে, আবার অনাবশ্যক প্রতিবন্ধকতাও সৃষ্টি করতে পারে।

### উদাহরণ

জাপানে তথ্য অধিকার আইন কার্যকর হওয়ার ঠিক আগে কেন্দ্রিয় সরকারের ১০টি অফিসে রেকর্ড ধ্বংস করার একটি জোয়ার দেখা

central government offices was reported in the lead up to the law coming into effect. For example, the agriculture ministry scrapped 233 tons of documents in 2000.

## Way out

Bureaucrats must be engaged in the whole process of passing and implementing the right to information law from the outset. Key ministries - particularly ministries, which may be resistant to openness should be deliberately brought into the process and their concerns should be specifically addressed.

## Example

In Jamaica, the civil service association recognized the opportunity the access to information law provided to enhance customer service and more clearly demonstrate who was responsible for poor policy choices, i.e., the political masters. Thus, Mr. Wayne Jones, the President of the Civil Service Association, accepted a lead role in promoting the passage and implementation of a comprehensive access to information law.



দেয়। এসব ডকুমেন্ট তথ্য অধিকার আইনের আওতায় প্রকাশযোগ্য ছিল। উদাহরণস্বরূপ, ২০০০ সালে দেশটির কৃষি মন্ত্রণালয় ১৩৩ টন ডকুমেন্ট ধ্বংস করে।

## উত্তরণের উপায়

তথ্য অধিকার আইন প্রণয়ন ও বাস্তবায়নের প্রথম পর্যায় থেকেই আমলাতন্ত্রকে সুপরিকল্পিতভাবে এর সাথে যুক্ত করতে হবে। বিশেষত, যেসব মন্ত্রণালয় তথ্য প্রকাশে অসহযোগিতা করতে পারে তাদেরকে সচেতনভাবে এই প্রক্রিয়ার মধ্যে নিয়ে আসতে হবে এবং তাদের উদ্বেগের প্রতি বিশেষভাবে নজর দিতে হবে।

## উদাহরণ

জ্যামাইকাতে সিভিল সার্ভিস এসোসিয়েশন বুঝতে পারে যে, তথ্য অধিকার আইনের ফলে তাদের পক্ষে কাস্টমারদের সেবা দেয়ার সুযোগ বাড়বে এবং ভ্রান্ত রাজনৈতিক সিদ্ধান্তের জন্য যে তারা দায়ী নন তা জনসাধারণকে বোঝানো সহজ হবে। ফলে সিভিল সার্ভিস এসোসিয়েশনের সভাপতি মিঃ ওয়েইন জোন্স্ আইন প্রণয়ন ও বাস্তবায়নের নেতৃত্ব প্রদান করে।

# 3. Choosing an lead agency

The choice of an agency to lead implementation the new access to information regime is a political decision. The success of the law, to a large extend, depends upon this decision. Absence or wrong selection of leadership may lead to inconsistent implementation and compliance of the law.

**Example**

In South Africa, responsibility for the final passage of the law was given to the Ministry of Justice, one of the busiest departments of government and one that has proved singularly ill equipped to master the challenge of implementation. In South Africa, always there is a possibility that peer ministries will ignore directives and that implementation efforts will wane. At a meeting between the then Minister of Justice and a group of visiting deputies from Armenia in 2003, the minister appeared ill-briefed on the implementation of the law and provided inaccurate information to his visitors.

**Way out**

Nominating a lead implementer with sufficient seniority, respect, and power will provide message to other parts of

# ৩. নেতৃত্ব প্রদানকারী সংস্থা নির্বাচন

তথ্য অধিকার আইন বাস্তবায়নের নেতৃত্ব দেয়ার দায়িত্ব কার উপর ন্যাস্ত করা হবে তা একটি রাজনৈতিক সিদ্ধান্ত। এই সিদ্ধান্তের উপর আইনটির সফলতা অনেকাংশে নির্ভরশীল। নেতৃত্ব দেয়ার জন্য কোনো সংস্থা না থাকলে অথবা ভুল সংস্থাকে নির্বাচন করা হলে আইনের বাস্তবায়ন ও অনুসরণে নানাবিধ অসঙ্গতি দেখা দেয়।

**উদাহরণ**

দক্ষিণ আফ্রিকায় আইন পাস করানোর চূড়ান্ত দায়িত্ব বিচার মন্ত্রণালয়ের উপর অর্পণ করা হয় । এটি হলো সরকারের ব্যস্ততম মন্ত্রণালয়গুলোর একটি। আইনটি বাস্তবায়নের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রয়োজনীয় উপায়-উপকরণও এই সংস্থার ছিল না। ফলে এই মন্ত্রণালয়ের জারি করা নির্দেশনাগুলো অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক উপেক্ষিত হয়েছে। ২০০৩ সালে বিচারমন্ত্রীর সাথে আর্মেনিয়া সফররত ডেপুটিদের একটি বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকের জন্য মন্ত্রীকে প্রয়োজনীয় তথ্য যথাযথ সরবরাহ করা হয়নি। ফলে মন্ত্রী সফরকারীদের তথ্য অধিকার আইনের বাস্তবায়ন সম্পর্কে অনেক ভুল তথ্য প্রদান করে।

**উত্তরণের উপায়**

নেতৃত্ব প্রদানকারী সংস্থা এমনভাবে নির্বাচন করা উচিত যাতে তা যথেষ্ট জ্যেষ্ঠতা, সম্মান ও ক্ষমতার অধিকারী হয়। এর দ্বারা প্রশাসনের অন্যান্য

the administration and civil society that the government is serious in its efforts.

### Example

Placing the key implementer in the ministry of the president in Nicaragua, has increased the likelihood of political support and acquiescence by the other ministries. Mignone Vega, Director for Communications for the Presidency of Nicaragua, has assured that implementation efforts of a law or voluntary strategy continue, even in the face of political and logistical obstacles.

## 4. Government System Building

In order to respond to requests, an adequate information management system must be designed and established.

### Example

In 2002, an analysis was undertaken by the Anticorruption Office (AO) of Argentina to determine the prevalence of civil servants receiving multiple paychecks. The AO found that



অংশ ও সুশীল সমাজের কাছে এই বার্তা পৌছবে যে সরকার বিষয়টিতে যথেষ্ট গুরুত্ব দিচ্ছে।

### উদাহরণ

নিকারাগুয়াতে প্রধান বাস্তবায়নকারী সংস্থাকে রাষ্ট্রপতির অধীনে রাখার ফলে সংস্থাটির পক্ষে রাজনৈতিক সম্মান ও অন্যান্য মন্ত্রণালয়ের সহযোগিতা পাওয়া সহজতর হয়েছে। নিকারাগুয়ার প্রেসিডেন্সির যোগাযোগ বিষয়ক পরিচালক মিগনান ভেগা রাজনৈতিক প্রতিবন্ধকতা ও প্রয়োজনীয় সামগ্রীর অপ্রতুলতার মধ্যেও আইন বাস্তবায়ন ও স্বেচ্ছামূলক কর্মকৌশল চলমান থাকবে বলে নিশ্চয়তা দিয়েছেন।

## ৪. সরকারের সিস্টেম গড়ে তোলা

তথ্য প্রত্যাশীদের চাহিদা অনুযায়ী তাদেরকে তথ্য দিতে হলে সরকারকে অবশ্যই যথাযথ তথ্য ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে।

### উদাহরণ

২০০২ সালে আর্জেন্টিনার দুর্নীতি দমন অফিস সিভিল সার্ভেন্টদের একাধিক পে-চেক গ্রহণ ঠেকানোর উদ্যোগ নিয়েছিল। কিন্তু দেখা গেল বেআইনী এই কার্যক্রম বন্ধ করে সরকারের লক্ষ লক্ষ ডলার অপচয়

the greatest obstacle to assessing and stopping this illegal practice that was costing the country millions of dollars was the lack of a functioning database and systematized records.

রোধ করার ক্ষেত্রে প্রধান সমস্যা হচ্ছে একটি কার্যকর ডাটাবেজ ও সুশৃঙ্খল রেকর্ডের অভাব।

## Way out

The best approach for dealing with vast amounts of information is simply to make as many records as possible automatically and unconditionally available. This limits the need for government decision making and is therefore less of a drain on resources. Indeed, the best implementation model is not only to categorize as much information as possible as automatically disclosable, but also to publish the information at the point the record is created.

## উত্তরণের উপায়

প্রভূত পরিমাণ তথ্য নিয়ে কাজ করার ক্ষেত্রে যত বেশি সম্ভব, তথ্য নিঃশর্ত ও স্বয়ংক্রিয়ভাবে প্রকাশ করে দেয়ার ব্যবস্থা রাখা উচিত। এতে সরকার তথ্য প্রকাশ করা বা না করার ব্যাপারে বার বার সিদ্ধান্ত নেয়ার ঝামেলা থেকে রক্ষা পায়। এক্ষেত্রে কোন কোন তথ্য স্বয়ংক্রিয়ভাবে প্রকাশ করা হবে তা শুধু চিহ্নিত করলেই চলবে না, বরং রেকর্ড তৈরির মূহুর্তেই সেগুলোকে প্রকাশ করে দিতে হবে।

## Example

In Peru, during the transitional authority in 2001 the Department of Finance led the way with a Web site-based approach to transparency, publishing huge volumes of information. A focus on automatic publication through the Internet has continued. Recent report of National Office of Anticorruption found that all government ministries were in compliance with the automatic publication provisions of the access to information law.

## উদাহরণ

পেরুতে ২০০১ সালে ট্রানজিশনাল কর্তৃপক্ষের অর্থ বিভাগের নেতৃত্বে ওয়েব-ভিত্তিক স্বচ্ছতা প্রতিষ্ঠার একটি উদ্যোগ পরিচালিত হয় এবং বিপুল পরিমাণ তথ্য ওয়েবসাইটে প্রকাশ করে দেয়া হয়। সম্প্রতিকালে দেশটির দুর্নীতি দমন অফিসের একটি রিপোর্টে দেখা যায়, এভাবে ওয়েবসাইটে তথ্য প্রকাশের ফলে সরকারের সকল মন্ত্রণালয় স্বয়ংক্রিয়ভাবে তথ্য প্রকাশের বিধানগুলো পুরোপুরি মেনে চলতে পারছে।

# 5. Capacity building

In addition to internal systems, there is a need for line managers responsible for implementation and responding to requests. One obvious indicator of the strength of implementation is whether such officials have in fact been appointed and whether they have received specialist training.

## Example

In New Zealand, there were several significant controversies relating to failures to release information. In 2003 a report submitted by the Ombudsmen of the country said the greatest problems that caused delays is a failure to determine who is responsible for answering the request in cases where "politically sensitive" information is requested and when third parties need to be notified. The Ombudsmen said there was an "urgent need" for better training of public employees and released new Practice Guidelines to facilitate better understanding of the Act.

# ৫. সক্ষমতা বৃদ্ধি

অভ্যন্তরীণ সিস্টেম ছাড়াও তথ্য অধিকার আইন বাস্তবায়ন এবং তথ্য প্রার্থীদের তথ্য দেয়ার জন্য একটি লাইন ম্যানেজমেন্ট থাকা প্রয়োজন। তথ্য দেয়ার জন্য কর্মী নিয়োগ করা হয়েছে কিনা এবং তাদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে কিনা তা থেকে তথ্য অধিকার আইন বাস্তবায়ন কতটা সবল তা বোঝা যায়।

## উদাহরণ

নিউজিল্যান্ডে তথ্য প্রদানের ব্যর্থতার বেশ কয়েকটি ঘটনায় ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়। ২০০৩ সালে দেশটির ন্যায়পালদের দাখিলকৃত একটি প্রতিবেদনে বলা হয়, 'রাজনৈতিকভাবে স্পর্শকাতর' কিংবা তৃতীয় পক্ষকে জানিয়ে প্রকাশ করতে হবে এমন সব তথ্যের ক্ষেত্রে তথ্য প্রদানের দায়িত্ব কার তা নির্ধারণ করতে গিয়েই তথ্য প্রদানে বিলম্ব ঘটে। ন্যায়পালগণ বলেন, এ অবস্থার উত্তরণে সরকারি কর্মচারীদের সত্বর প্রশিক্ষণ দেয়া এবং তথ্য অধিকার আইন ভালোভাবে বোঝার জন্য নতুন কিছু গাইডলাইন তৈরি করা প্রয়োজন।

## Way out

Significant investment should to be made in training for both general staff (at all levels) and Information Officers (where exist). Moreover, training should not end when the law goes into effect. Staff changes, lessons learned, and amendments to internal policies and procedures dictate the need for continual training of information officers and other relevant civil servants. These information officers can work together, through the establishment of networks or working groups, to share best practices and lessons learned.

## Example

Training of over 400 - 500 Public Officers of Jamaica was undertaken for 5 months, from January - May 2003. Sessions commencing with an address by representatives from all walks of society. A Training Manual has also been commissioned. Additional training continues to be offered per year incorporating issues arising from interpretation of the Act and areas where difficulty is experienced. Presentations are made by experts in the field. Information officers also meet periodically and serve as a mutual support system.

## উত্তরণের উপায়

প্রশাসনের সাধারণ কর্মকর্তা এবং তথ্য অফিসার (যদি থাকে) উভয়ের প্রশিক্ষণের প্রয়োজন। এজন্য উল্লেখযোগ্য অর্থ বিনিয়োগ করতে হবে। অধিকন্তু, শুধু আইন কার্যকর করার সময়েই নয়, বরং অব্যাহতভাবে তথ্য কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। কর্মচারী পরিবর্তন, অভিজ্ঞতা বিনিময়ের প্রয়োজনীয়তা এবং অভ্যন্তরীণ নীতি ও পদ্ধতির পরিবর্তনের কারণে প্রশিক্ষণ কর্মসূচি চালু রাখা প্রয়োজন। তথ্য কর্মকর্তাগণ নিজেদের নেটওয়ার্ক গঠন করেও অনুসরণীয় দৃষ্টান্ত এবং অভিজ্ঞতালব্ধ শিক্ষা নিয়ে আলোচনা করতে পারেন।

## উদাহরণ

২০০৩ সালের জানুয়ারি-মে মাসের মধ্যে জ্যামাইকার ৪০০-৫০০ সরকারি কর্মকর্তাকে তথ্য অধিকারের উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে। এসব প্রশিক্ষণের সূচনা অধিবেশনে সমাজের বিভিন্ন শ্রেণী-পেশার প্রতিনিধিরা উপস্থিত থাকতেন। একটি প্রশিক্ষণ ম্যানুয়ালও তৈরি করা হয়েছে। এছাড়া প্রতিবছর উদ্ভুত বিভিন্ন বিষয়কে অন্তর্ভুক্ত করে অতিরিক্ত প্রশিক্ষণও দেয়া হয়। সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞগণ এসব প্রশিক্ষণে বক্তব্য উপস্থাপন করেন।

# 6. Supporting the Demand Side

Without demand for information, government will inevitably stop directing human and financial resources toward the implementation and administration of an access to information regime. Without an adequately developed "demand side," the law is likely to wither on the vine.

### Example

In Jamaica, the broad spectrum of applications received and the constant use of the Act by lobby groups and the media is quite encouraging. Of concern, on the other hand, is the limited use by the general people.

### Way out

Citizens, civil society and community organizations, media, and the private sector must take responsibility for monitoring government efforts and using the law. In countries where civil society was not engaged in the debate, the right to information has atrophied and the law has never been fully implemented.

# ৬. তথ্যের চাহিদা সৃষ্টি

তথ্যের চাহিদা না থাকলে স্বাভাবিকভাবেই সরকার তথ্য অধিকার আইন বাস্তবায়ন ও পরিচালনার জন্য অর্থ ব্যয় করতে করতে চাইবে না। কাজেই চাহিদা সৃষ্টির দিকে যথেষ্ট দৃষ্টি না দিলে আইনটিই ব্যর্থতায় পর্যবসিত হবে।

### উদাহরণ

জ্যামাইকাতে তথ্যের জন্য অনুরোধ আসার হার উৎসাহব্যঞ্জক হলেও এসব অনুরোধের অধিকাংশই আসে বিভিন্ন লবিগ্রুপ এবং গণমাধ্যমের কাছ থেকে। উদ্বেগের বিষয় হলো, সাধারণ মানুষের দ্বারা এই আইনের ব্যবহার এখনও খুবই সীমিত।

### উত্তরণের উপায়

জনসাধারণ, সুশীল সমাজ, কম্যুনিটি সংগঠন, গণমাধ্যম এবং বেসরকারি খাতকে অবশ্যই আইনের বাস্তবায়ন মনিটরিং-এর দায়িত্ব নিতে হবে এবং আইনটি ব্যবহার করতে হবে। যেসব দেশে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সাথে সুশীল সমাজ জড়িত হয়নি সেসব দেশে আইনটির বাস্তবায়ন পুরোপুরি সফল হয়ে উঠতে পারেনি।

### Example

Innovative, broader approaches are now being taken to extend the ATI message further across Jamaica and particularly to rural areas. Assistance from the Media has also been sought to attribute stories to disclosures made under Access to Information (ATI) whenever this is the case. Inclusion of ATI on Curricula of Secondary and Tertiary Educational Institutions has also helped. Other strategies that have been employed to create greater awareness include publication of the Users' Guide; holding of annual Open Days, and observance of International Right to Know Day involving Civil Society. Financial Sponsorship from Corporate Entities has been sought.

## Conclusion

Implementation of an Information law requires strong political will, which is manifested though allocation of adequate resources, selection of right lead agency and development necessary systems. In order to shift bureaucratic mindset and solicit bureaucratic support, Bureaucrats must be strategically engaged in the whole process. Develop capacity of the civil service is also very crucial. However, not all the burden lies with

### উদাহরণ

তথ্য অধিকারের বার্তা দেশব্যাপী বিশেষত, পল্লী অঞ্চলে পৌছে দেয়ার জন্য জ্যামাইকাতে বর্তমানে অনেক নতুন ধরনের ব্যাপকভিত্তিক কার্যক্রম হাতে নেয়া হয়েছে। তথ্য অধিকার আইনের অধীনে তথ্য প্রকাশের বিভিন্ন ঘটনা তুলে ধরার জন্য গণমাধ্যমের সহযোগিতা নেয়া হচ্ছে। এছাড়া জনসচেতনতা বৃদ্ধির জন্য আরও বিভিন্ন উদ্যোগ হাতে নেয়া হয়েছে, যেমন- ব্যবহার নির্দেশিকা প্রকাশ, বাৎসরিক ওপেন ডে পালন, সুশীল সমাজকে যুক্ত করে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপন ইত্যাদি। এসব উদ্যোগ বাস্তবায়নের জন্য বেসরকারি খাত থেকে আর্থিক পৃষ্ঠপোষকতা নেয়া হচ্ছে।

## উপসংহার

তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য দৃঢ় রাজনৈতিক অঙ্গীকার প্রয়োজন। সম্পদ বরাদ্দ, নেতৃত্বদানকারী সংস্থা সঠিকভাবে নির্বাচন, প্রয়োজনীয় ব্যবস্থা গড়ে তোলা প্রভৃতির মাধ্যমে এই অঙ্গীকারের প্রকাশ ঘটে থাকে। আমলাতন্ত্রের দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং আমলাদের সহযোগিতা পাওয়ার জন্য পুরো প্রক্রিয়ার সাথে তাদেরকে সুপরিকল্পিতভাবে অন্তর্ভূক্ত করতে হবে। সেইসাথে প্রশাসনের দক্ষতা বৃদ্ধিও অত্যাবশ্যক। সব দায়িত্ব সরকারের উপর

government; citizens, civil society and community organizations, media, and the private sector must play a proactive role in monitoring the law and creating demand.

## Source:

Neuman, Laura and Calland, Richard: "Making the Access to Information Law Work", June 10, 2009. Available from http://www.cartercenter.org/peace/americas/information.html

Banisar, David: "Freedom of Information Around the World 2006", June 10, 2009. Available from http://www.privacyinternational.org/article.shtml?cmd[347]=x-347-543400

Livingstone, Ms Aylair: "The Implementation of The Access To Information Act: The Jamaican Experience - Challenges & Successes", New Delhi 2005

চাপিয়ে না দিয়ে আইনের বাস্তবায়ন মনিটরিং এবং চাহিদা সৃষ্টির ক্ষেত্রে জনসাধারণ, সুশীল সমাজ এবং কম্যুনিটি সংগঠনগুলোকে স্বতঃস্ফূর্ত ভূমিকা পালন করতে হবে।

MANUSHER JONNO FOUNDATION
House 10, Road 1, Block F, Banani Model Town, Dhaka 1213, Bangladesh
Tel : +88-02-8824309, 8811161, 9893910, Fax : +88-02-8810162
Web : www.manusher.org